রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৪ সনের ৩৯ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ২৬, ২০২৪

সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খন্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৬৫৯—৬৭৮ |
| ২য় খন্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ২২৪৫—২২৯২ |
| ৩য় খন্ড—প্রথম খন্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খন্ড—প্রথম খন্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খন্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খন্ড—প্রথম খন্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৯৬৯—১৯৯১ |
| ৭ম খন্ড—অন্য কোনো খন্ডে অপ্রকাশিত অধঃস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খন্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ................. তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খন্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন অনুবিভাগ-১**
**প্রশাসন অধিশাখা-১৭**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ/২৯ আগস্ট ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ২৫.০০.০০০০.০৫৩.০৪.০১.২০১৮.২০৬**—গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ২৬ এপ্রিল ২০২২ তারিখের ২৫.০০.০০০০.০৫৩.১৯.০৪.০১.২০১৮.১০৬ সংখ্যক প্রজ্ঞাপনের মাধ্যমে নিম্নবর্ণিত ০৩ (তিন) জন বিশিষ্ট ব্যক্তিকে ২৬ এপ্রিল ২০২২ থেকে ২৫ এপ্রিল ২০২৫ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের সদস্য হিসেবে নিয়োগ প্রদান করা হয়:

| ক্রম | নাম, পদবি ও ঠিকানা |
|---|---|
| ১। | প্রফেসর মোঃ তানবিরুল আলম, পিতা- মোঃ তাহের উদ্দিন, মহল্লাঃ খান সামারচক, ডাকঘর: বালিয়াডাঙ্গা, থানা: বোয়ালিয়া, জেলাঃ রাজশাহী; |
| ২। | জনাব মোঃ জাহাঙ্গীর আলম হেলাল, পিতা- মোঃ আকরাম আলী মোল্লা, বাড়ি-৭৪/৫ হেতেম খাঁ ( চৌধুরী পুকুর), বোয়ালিয়া, রাজশাহী; |
| ৩। | প্রফেসর ড. নাসিমা আখতার, পিতা- মোহাঃ নোমান আলী, বাড়ি-৫৭৫, রোড নং-০১, পদ্মা আবাসিক এলাকা-৬২০৭, রাজশাহী। |

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

২। রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রাখার নিমিত্ত জনস্বার্থে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ২৬ এপ্রিল ২০২২ তারিখের ২৫.০০.০০০০.০৫৩.১৯.০৪.০১.২০১৮ .১০৬ সংখ্যক প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিল করা হলো।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ সোহেল হাসান**
যুগ্মসচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখঃ ১৪ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ/২৯ আগস্ট ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.১৭-৮০**–Bangladesh Bank Order, 1972 (President's Order No. 127 of 1972)-এর Article 9 (3)(c) অনুযায়ী বাংলাদেশ ব্যাংকের সাবেক ডেপুটি গভর্নর, জনাব নজরুল হুদা-এঁর স্থলে প্রফেসর রাশেদ আল মাহমুদ তিতুমির-কে বাংলাদেশ ব্যাংকের পরিচালক পর্ষদের পরিচালক হিসেবে তাঁর যোগদানের তারিখ হতে ৩ (তিন) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখঃ ১৮ ভাদ্র ১৪৩১/০২ সেপ্টেম্বর ২০২৪

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.২০-৮৭**–গ্রামীণ ব্যাংকের পরিচালনা বোর্ডে পরিচালক হিসেবে জনাব মোহাম্মদ সালাহ উদ্দিন-এর নিয়োগের অবশিষ্ট মেয়াদ এতদ্বারা বাতিল করা হলো।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

তারিখঃ ১৯ ভাদ্র ১৪৩১/০৩ সেপ্টেম্বর ২০২৪

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.২০-৯০**–গ্রামীণ ব্যাংক আইন, ২০১৩ এর ধারা (৯)(১)(ক) ও ১০(১) অনুযায়ী ড. আবদুল হান্নান চৌধুরী, অধ্যাপক, স্কুল অব বিজনেস এন্ড ইকোনমিক্স, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়-কে গ্রামীণ ব্যাংকের পরিচালনা বোর্ডে পরিচালক ও চেয়ারম্যান হিসেবে তাঁর যোগদানের তারিখ হতে ০৩ (তিন) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখঃ ২০ ভাদ্র ১৪৩১/০৪ সেপ্টেম্বর ২০২৪

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০২১.১৭-৯২**–প্রবাসী কল্যাণ ব্যাংক আইন, ২০১০ এর ধারা (১০)(১)(ছ) অনুযায়ী জনাব ফাইয়াজ মুরশিদ কাজী, মহাপরিচালক (বহুপাক্ষিক অর্থনৈতিক বিষয়াবলী), পররাষ্ট্র মন্ত্রণালয়, অন্যত্র বদলি হওয়ায় তাঁর পরিবর্তে মিজ্ সঞ্চিতা হক, মহাপরিচালক (বহুপাক্ষিক অর্থনৈতিক বিষয়াবলী), পররাষ্ট্র মন্ত্রণালয়- কে প্রবাসী কল্যাণ ব্যাংকের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে তাঁর যোগদানের তারিখ হতে বর্তমান পদে কর্মরত থাকাকালীন [সর্বোচ্চ ০৩ (তিন) বছর] মেয়াদে নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আফছানা বিলকিস**
উপসচিব।

**[একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত]**

**অর্থ বিভাগ**

**প্রশাসন শাখা-৩**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৫ ভাদ্র ১৪৩০ ব./৩০ আগস্ট ২০২৩ খ্রি.

**নং০৭.০০.০০০০.০৮৩.১৯.০১৭.১৭-৯১৩**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৩ মে ২০২৩ খ্রি: তারিখের ০৫.০০. ০০০০.১৭০. ০৬.৩৬.১৩-১২৮ নম্বর প্রজ্ঞাপন অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্মকমিশন এর আওতা বহির্ভূত অর্থ বিভাগ ও অর্থ বিভাগের আওতাধীন মনিটরিং সেল, ফিন্যান্সিয়াল সিস্টেম ম্যানেজমেন্ট ইউনিট (এফএসএমইউ), হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয় এবং মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক এর কার্যালয়ে কর্মরত ৪র্থ হতে ৬ষ্ঠ গ্রেড (ক্যাডারভুক্ত/ক্যাডার বহির্ভূত) পদে নিয়োগ/পদোন্নতি/উচ্চতর টাইম স্কেল/সিলেকশন গ্রেড প্রদানের জন্য নিম্নরূপভাবে কমিটি পুনঃ গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ১. | সিনিয়র সচিব/সচিব, অর্থ বিভাগ | **সভাপতি** |
| ২. | জনপ্রশাসন মন্ত্রণালয়ের একজন অতিরিক্ত সচিব/যুগ্মসচিব পর্যায়ের প্রতিনিধি | **সদস্য** |
| ৩. | অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়), অর্থ বিভাগ | **সদস্য** |
| ৪. | সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর প্রধান | **সদস্য** |
| ৫. | যুগ্মসচিব (প্রশাসন), অর্থ বিভাগ | **সদস্য-সচিব** |

২। পূর্বে জারীকৃত ২৮-০৫-২০১৭ তারিখের ০৭.০৮৩.০১২.০১.০০.০০৩.২০১৭-৪৩৫ নং এবং ১১-০৪-২০১৯ তারিখের ০৭.০০.০০০০.০৮৩.১২.০৩৩.১৮.২৪৭ নং প্রজ্ঞাপন দুটি রহিত করা হলো।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো এবং এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ রাসেলুল কাদের**
উপসচিব।

**[একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৫ ভাদ্র ১৪৩০ ব./৩০ আগস্ট ২০২৩ খ্রি.

**নং ০৭.০০.০০০০.০৮৩.১৯.০১৭.১৭-৯১৪**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৩ মে ২০২৩ খ্রি: তারিখের ০৫.০০.০০০০.১৭০.০৬.৩৬. ১৩-১২৮ নম্বর প্রজ্ঞাপন অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্মকমিশন এর আওতা বহির্ভূত অর্থ বিভাগ ও অর্থ বিভাগের আওতাধীন মনিটরিং সেল, ফিন্যান্সিয়াল সিস্টেম ম্যানেজমেন্ট ইউনিট (এফএসএমইউ), হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয় এবং মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক এর কার্যালয়ে কর্মরত ৭ম হতে ৯ম গ্রেড পদে নিয়োগ/পদোন্নতি/উচ্চতর টাইম স্কেল/সিলেকশন গ্রেড প্রদানের জন্য নিম্নরূপভাবে কমিটি পুনঃ গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ১. | সিনিয়র সচিব/সচিব, অর্থ বিভাগ | **সভাপতি** |
| ২. | জনপ্রশাসন মন্ত্রণালয়ের একজন যুগ্মসচিব পর্যায়ের প্রতিনিধি | **সদস্য** |
| ৩. | যুগ্মসচিব (বাজেট ও পরিকল্পনা), অর্থ বিভাগ | **সদস্য** |
| ৪. | সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর প্রধান | **সদস্য** |
| ৫. | যুগ্মসচিব (প্রশাসন), অর্থ বিভাগ | **সদস্য-সচিব** |

২। পূর্বে জারীকৃত ২৮-০৫-২০১৭ তারিখের ০৭.০৮৩. ০১২.০১. ০০.০০৩.২০১৭-৪৩৫ নং এবং ১১-০৪-২০১৯ তারিখের ০৭.০০.০০০০.০৮৩.১২.০৩৩.১৮.২৪৭ নং প্রজ্ঞাপন দুটি রহিত করা হলো।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো এবং এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ রাসেলুল কাদের**
উপসচিব।

**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**পরিকল্পনা-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২০ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ/০৪ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ৫৩.০০.০০০০.৪৩১.১৪.০২৮.২৪-৪১৯**—পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর পরিচালনা পর্ষদ ও সাধারণ পর্ষদের সদস্য, ড. মোঃ আবদুল মুঈদ, এর পদত্যাগপত্র ০২-০৯-২০২৪ তারিখ থেকে কার্যকর হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৫৩.০০.০০০০.৪৩১.১৪.০২৮.২৪-৪২২**—পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর সংঘবিধির অনুচ্ছেদ-৬(এ),৬(ই) এবং ৩৬ তে প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ ব্যাংকের সাবেক নির্বাহী পরিচালক জনাব লীলা রশিদ-কে পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য পিকেএসএফ-এর পরিচালনা পর্ষদ ও সাধারণ পর্ষদের সদস্য হিসেবে নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ আমিন শরীফ**
সিনিয়র সহকারী সচিব।

---

**বাণিজ্য মন্ত্রণালয়**
**প্রশাসন-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১০ ভাদ্র ১৪৩১/২৫ আগস্ট ২০২৪

নং **২৬.০০.০০০০.০৮৮.১৮.০০১.২৩.১৫৭**—যেহেতু, জনাব মোঃ রিয়াজ মোর্শেদ, এক্সামিনার অব একাউন্টস, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ঢাকা বহি: বাংলাদেশ ছুটি নিয়ে গত ০১-০১-২০২২ তারিখে দেশ ত্যাগ করার পর অনুমোদিত সময়ের অতিরিক্ত ৬০(ষাট) দিনের অধিক হলেও চাকরিতে যোগদান না করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ বিধি ৩(গ) বিধিমতে পলায়নের অভিযোগে গত ১৮ জুলাই ২০২৩ তারিখে অভিযোগনামা গঠন করে ০১/২০২৩ নং বিভাগীয় মামলা চালুপূর্বক কৈফিয়ত তলব করা হয়;

যেহেতু,উক্ত বিভাগীয় মামলায় অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক কৈফিয়তের জবাব দাখিল করা হয়নি ও ব্যক্তিগত শুনানির জন্যও আবেদন করা হয়নি এবং অভিযোগ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপের সম্ভাবনা থাকায় ন্যায় বিচারের স্বার্থে বিষয়টি তদন্তের জন্য ১০ সেপ্টেম্বর ২০২৩ তারিখে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক ০৪ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে দাখিলকৃত প্রতিবেদনে জনাব মোঃ রিয়াজ মোর্শেদ এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (গ) মোতাবেক 'পলায়ন (desertion)' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে 'চাকরি হতে বরখাস্ত (dismissal from service)' গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণক্রমে একই বিধিমালার ৭(৯) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারি করে ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে জবাব প্রদানের নির্দেশ দেয়া হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মচারী ২য় কারণ দর্শনোর নোটিশের জবাব দাখিল করেননি বিধায় তাকে গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত বহাল রাখা হয়;

যেহেতু, প্রস্তাবিত গুরুদণ্ড আরোপের বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর মতামত চাওয়া হলে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ) মোতাবেক 'পলায়ন (desertion)' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩) বিধি অনুযায়ী জনাব রিয়াজ মোর্শেদ-কে'চাকরি হইতে বরখাস্তকরণ (dismissal from service)' গুরুদণ্ড আরোপের বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত প্রাথমিক সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে;

সেহেতু, জনাব মোঃ রিয়াজ মোর্শেদ,এক্সামিনার অব একাউন্টস, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর এর বিরুদ্ধে আনীত 'পলায়ন (desertion)' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা), ২০১৮ এর ৪(৩) বিধি মোতাবেক আদেশ জারির তারিখ হতে তাকে 'চাকরি হতে বরখাস্ত (dismissal from service)' গুরুদণ্ড আরোপ করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাং সেলিম উদ্দিন**
সচিব।

**রপ্তানি-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০১ শ্রাবণ ১৪৩১/১৬ জুলাই ২০২৪

নং **২৬.০০.০০০০.১০২.১৫.০১০.১৯.২১৮**—তুরস্কের আংকারাস্থ বাংলাদেশ দূতাবাসে বাণিজ্য মন্ত্রণালয়ের সাংগঠনিক কাঠামোতে একটি নতুন বাণিজ্যিক উইং সৃজন করা হলো।

২। প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা সম্পন্ন করে এ আদেশ জারি করা হলো।

**মোহাম্মদ জাকির হোসেন**
উপসচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ-২ অধিশাখা**
**প্রজ্ঞাপন**

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ/০৩ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.০০৯.২১.৩৪৭**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলোঃ

| ক্রমিক নং | মৌজার নাম | জে.এল.নম্বর | খতিয়ান সংখ্যা | সিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ১ | আমইর | ১৬ | ৫১৮ | ০১ | দিনাজপুর সদর | দিনাজপুর |
| ২ | চৌরা | ১০০ | ৪৫৬ | ০১ | দিনাজপুর সদর | দিনাজপুর |
| ৩ | সহবতপুর | ১৩৫ | ১২৪ | ০১ | দিনাজপুর সদর | দিনাজপুর |
| ৪ | চকমধু | ১৬৫ | ২৬০ | ০১ | দিনাজপুর সদর | দিনাজপুর |
| ৫ | মোল্লাপাড়া | ১৯২ | ১৩১ | ০১ | দিনাজপুর সদর | দিনাজপুর |
| ৬ | পাঁচপোয়া আরাজী | ২০৮ | ১৯৬ | ০১ | দিনাজপুর সদর | দিনাজপুর |
| ৭ | মস্তাফাবাদ | ৪৩ | ২৩৭ | ০১ | বিরল | দিনাজপুর |
| ৮ | মাঝিনা | ৪৭ | ৩০৪ | ০১ | চিরিরবন্দর | দিনাজপুর |
| ৯ | খুলনাডাঙ্গা | ৫১ | ২২৬ | ০১ | চিরিরবন্দর | দিনাজপুর |
| ১০ | দিঘারণ | ৭১ | ৫৩৩ | ০১ | চিরিরবন্দর | দিনাজপুর |
| ১১ | গড়গড়া | ১১১ | ৭২ | ০১ | চিরিরবন্দর | দিনাজপুর |
| ১২ | কৃষ্ণচন্দ্রপুর | ৬৯ | ২৩৯ | ০১ | চিরিরবন্দর | দিনাজপুর |
| ১৩ | মিত্রবাটী | ৪৬ | ২৫১ | ০১ | চিরিরবন্দর | দিনাজপুর |
| ১৪ | জোত রঘু | ১৮ | ৪২৬ | ০১ | চিরিরবন্দর | দিনাজপুর |
| ১৫ | দক্ষিণ ভোলানাথপুর | ১১৮ | ২৬১ | ০১ | চিরিরবন্দর | দিনাজপুর |
| ১৬ | জুমারপাড়া | ১৩২ | ৩৪৭ | ০১ | নবাবগঞ্জ | দিনাজপুর |
| ১৭ | চিঙ্গাড়া | ১৮০ | ৩২৪ | ০১ | নবাবগঞ্জ | দিনাজপুর |
| ১৮ | লোকা | ১৯৯ | ৩৮৬ | ০১ | নবাবগঞ্জ | দিনাজপুর |
| ১৯ | বুজরুক হরিনা | ২০২ | ৩৭৮ | ০১ | নবাবগঞ্জ | দিনাজপুর |
| ২০ | বগরা | ০৪ | ২২৫ | ০১ | বিরামপুর | দিনাজপুর |
| ২১ | খিয়ার দুর্গাপুর | ১২ | ১১৪ | ০১ | বিরামপুর | দিনাজপুর |
| ২২ | কেটরা | ৪১ | ৪৬৩ | ০২ | বিরামপুর | দিনাজপুর |
| ২৩ | বেনীপুর | ৭০ | ২৮৫ | ০১ | বিরামপুর | দিনাজপুর |
| ২৪ | কোঁচপাড়া | ৭৩ | ২১৪ | ০১ | বিরামপুর | দিনাজপুর |
| ২৫ | লক্ষী নারায়ণপুর | ৯২ | ২৮৬ | ০১ | বিরামপুর | দিনাজপুর |
| ২৬ | চক বিনোদ | ৯৩ | ২২৩ | ০১ | বিরামপুর | দিনাজপুর |
| ২৭ | শ্রীপুর | ৯৪ | ৩১০ | ০১ | বিরামপুর | দিনাজপুর |

| ক্রমিক নং | মৌজার নাম | জে.এল.নম্বর | খতিয়ান সংখ্যা | সিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ২৮ | ভেলারপার | ১০১ | ৫৬৮ | ০১ | বিরামপুর | দিনাজপুর |
| ২৯ | চক মির্জ্জাপুর | ১১৩ | ২৫৭ | ০১ | বিরামপুর | দিনাজপুর |
| ৩০ | মানুষমুড়া | ১৪৮ | ২৬৫ | ০১ | বিরামপুর | দিনাজপুর |
| ৩১ | সিংহজানী | ১০ | ৪৬২ | ০২ | বীরগঞ্জ | দিনাজপুর |
| ৩২ | চক লক্ষ্মীপুর | ২৪ | ৪৮৪ | ০২ | বীরগঞ্জ | দিনাজপুর |
| ৩৩ | শালবাড়ী খাটিয়াদিঘী | ০৯ | ২০৯ | ০১ | বীরগঞ্জ | দিনাজপুর |
| ৩৪ | সুশুলী | ০৭ | ১১২০ | ০৪ | খানসামা | দিনাজপুর |
| ৩৫ | হোসেনপুর | ১৮ | ৯৯৯ | ০২ | খানসামা | দিনাজপুর |
| ৩৬ | খামার বিষ্ণুগঞ্জ | ১৯ | ৬২৭ | ০২ | খানসামা | দিনাজপুর |
| ৩৭ | সুবর্ণখুলী | ২২ | ১৪২০ | ০২ | খানসামা | দিনাজপুর |
| ৩৮ | কায়েমপুর | ৩৮ | ১১১৫ | ০২ | খানসামা | দিনাজপুর |
| ৩৯ | আগ্রা | ৪৭ | ৭২৪ | ০৩ | খানসামা | দিনাজপুর |
| ৪০ | মারগাঁও | ৫৪ | ১০৫৬ | ০২ | খানসামা | দিনাজপুর |
| ৪১ | নাফানগর | ৪ | ৩৭৬ | ০১ | বোচাগঞ্জ | দিনাজপুর |
| ৪২ | জামিরা | ৩৯ | ১৪৭ | ০১ | বোচাগঞ্জ | দিনাজপুর |
| ৪৩ | ভরলা | ৪৩ | ৬৫২ | ০২ | বোচাগঞ্জ | দিনাজপুর |
| ৪৪ | ঈশানিয়া | ৪৪ | ৭২২ | ০২ | বোচাগঞ্জ | দিনাজপুর |
| ৪৫ | বামনগাঁও | ৪৬ | ২৬১ | ০১ | বোচাগঞ্জ | দিনাজপুর |
| ৪৬ | মুরারীপুর | ৪৭ | ৪৯২ | ০১ | বোচাগঞ্জ | দিনাজপুর |
| ৪৭ | দকচাই | ৫৩ | ২৪৫ | ০১ | বোচাগঞ্জ | দিনাজপুর |
| ৪৮ | মোহনপুর | ৫৭ | ২০৭ | ০১ | বোচাগঞ্জ | দিনাজপুর |
| ৪৯ | মতিজাপুর | ৫৯ | ১০১৯ | ০৩ | বোচাগঞ্জ | দিনাজপুর |
| ৫০ | জালগাঁও | ৬৬ | ৮৫০ | ০৩ | বোচাগঞ্জ | দিনাজপুর |
| ৫১ | পার্ব্বতীপুর | ৭১ | ২৯২ | ০১ | বোচাগঞ্জ | দিনাজপুর |
| ৫২ | কনুয়া | ৭৩ | ৪২৯ | ০১ | বোচাগঞ্জ | দিনাজপুর |
| ৫৩ | চন্ডীপুর | ৮৩ | ৭৪১ | ০২ | বোচাগঞ্জ | দিনাজপুর |
| ৫৪ | বাসুদেবপুর | ৮৮ | ৩৪৫ | ০১ | বোচাগঞ্জ | দিনাজপুর |
| ৫৫ | মূলদুয়ার | ৯২ | ২৬২ | ০১ | বোচাগঞ্জ | দিনাজপুর |
| ৫৬ | মোল্লাপাড়া | ১০১ | ৬২১ | ০২ | বোচাগঞ্জ | দিনাজপুর |
| ৫৭ | দৌলা | ১১৪ | ১৩৪ | ০১ | বোচাগঞ্জ | দিনাজপুর |
| ৫৮ | আনরা | ১৩০ | ৮৪৩ | ০২ | বোচাগঞ্জ | দিনাজপুর |
| ৫৯ | শুকদেবপুর | ১৩২ | ৫২৩ | ০১ | বোচাগঞ্জ | দিনাজপুর |
| ৬০ | অসুরগাঁও | ১৩৭ | ২১৭ | ০১ | বোচাগঞ্জ | দিনাজপুর |
| ৬১ | পরমেশ্বরপুর | ১৩৮ | ৩৯৫ | ০১ | বোচাগঞ্জ | দিনাজপুর |
| ৬২ | পাচপাড়া | ১৩৯ | ৩৩১ | ০১ | বোচাগঞ্জ | দিনাজপুর |
| ৬৩ | তেতরা | ১৪০ | ৬৭২ | ০২ | বোচাগঞ্জ | দিনাজপুর |
| ৬৪ | বন্দিরাম | ২৪ | ৪৫৯ | ০২ | দেবীগঞ্জ | পঞ্চগড় |
| ৬৫ | খারিজা কাটানহারী | ২৫ | ২০০ | ০১ | দেবীগঞ্জ | পঞ্চগড় |
| ৬৬ | বেংহারী | ৬১ | ৩১৮ | ০১ | দেবীগঞ্জ | পঞ্চগড় |
| ৬৭ | মোসলেম পাইকান | ৩৮ | ৩৪৬ | ০১ | দেবীগঞ্জ | পঞ্চগড় |
| ৬৮ | শান্তিনগর | ৭০ | ৮১২ | ০৩ | দেবীগঞ্জ | পঞ্চগড় |
| ৬৯ | ঝালিঙ্গীগছ | ২৭ | ৪৫৫ | ০২ | তেঁতুলিয়া | পঞ্চগড় |
| ৭০ | ভজনপুর গের্দ্দ | ৩০ | ২৯৯ | ০১ | তেঁতুলিয়া | পঞ্চগড় |
| ৭১ | দেবীকান্ত | ১৮ | ৪৪৫ | ০১ | বোদা | পঞ্চগড় |

| ক্রমিক নং | মৌজার নাম | জে.এল.নম্বর | খতিয়ান সংখ্যা | সিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ৭২ | দক্ষিণ মাগুরা | ২৭ | ২৫৬ | ০২ | বোদা | পঞ্চগড় |
| ৭৩ | আরাজী শিকারপুর | ৩৭ | ১৯৯ | ০১ | বোদা | পঞ্চগড় |
| ৭৪ | জিন্নাহ নগর | ৬২ | ২৬৫ | ০১ | বোদা | পঞ্চগড় |
| ৭৫ | পামুলী বাবদ খারিজা | ৭৫ | ৯৮১ | ০৩ | বোদা | পঞ্চগড় |
| ৭৬ | রাধা বল্লভ সাহা | ৮৪ | ৬৩০ | ০১ | বোদা | পঞ্চগড় |
| ৭৭ | কাটন হারি | ৮৫ | ৬১৯ | ০২ | বোদা | পঞ্চগড় |
| ৭৮ | দেবোত্তর বোদেশ্বরী | ৯১ | ১১৫ | ০১ | বোদা | পঞ্চগড় |
| ৭৯ | নিতাই সরকার | ১১৬ | ১৭৬ | ০১ | বোদা | পঞ্চগড় |
| ৮০ | আরাজী চন্দনবাড়ী | ১৫০ | ৩২৫ | ০১ | বোদা | পঞ্চগড় |
| ৮১ | রাজাগাঁও | ০২ | ৬৮৫ | ০৩ | আটোয়ারী | পঞ্চগড় |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাবভীনা মনীর চিঠি**
উপসচিব।

---

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**শৃঙ্খলা-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৮ ভাদ্র ১৪৩১/০২ সেপ্টেম্বর ২০২৪

**নং ০৫.০০.০০০০.১৮৩.১৬.০০৩.২৪-৩৮৯**—সরকারি কর্মচারীদের দুর্নীতি প্রতিরোধ এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে ইতোমধ্যে সকল সরকারি কর্মচারীকে সম্পদ বিবরণী দাখিল করতে নির্দেশ প্রদান করা হয়েছে। এ লক্ষ্যে নিম্নরূপভাবে কমিটি গঠন করা হ'ল:

(ক) কমিটির গঠন:

**সভাপতি**

(১) সচিব, দুর্নীতি দমন কমিশন

**সদস্যবৃন্দ**

(২) মন্ত্রিপরিষদ বিভাগ-এর প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নিম্নে নয়)

(৩) জাতীয় রাজস্ব বোর্ড-এর প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নিম্নে নয়)

(৪) অর্থ বিভাগ অর্থ মন্ত্রণালয়-এর প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নিম্নে নয়)

(৫) বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক-এর প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নিম্নে নয়)

**সদস্য সচিব**

(৬) অতিরিক্ত সচিব, শৃঙ্খলা ও তদন্ত অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়

(খ) কমিটির কার্যপরিধি:

(১) সরকারি কর্মচারীদের সম্পদ বিবরণী দাখিলের নিমিত্ত ফরমেট প্রণয়ন

(গ) উক্ত কমিটি আগামী ০৭ (সাত ) কার্য দিবসের মধ্যে সম্পদ বিবরণী দাখিলের ফরমেট প্রণয়নসহ প্রয়োজনীয় সুপারিশ প্রদান করবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আমেনা বেগম**
অতিরিক্ত সচিব (শৃঙ্খলা ও তদন্ত)।

**উর্ধ্বতন নিয়োগ-২ শাখা**

**শোক বার্তা**

তারিখ: ১০ ভাদ্র ১৪৩১/২৫ আগস্ট ২০২৪

নং **০৫.০০.০০০০.১৩১.০০.১৩৭.১৫-৫৮৬**—শিল্প মন্ত্রণালয়ের উপসচিব হিসেবে কর্মরত থাকা অবস্থায় জনাব শরিফ মো: মাসুদ (৫৭৫৫) গত ০৩ আগস্ট ২০২৪ তারিখে মৃত্যুবরণ করেন(ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

২। জনাব শরিফ মো: মাসুদ ২৩ মে ১৯৬৭ তারিখে ময়মনসিংহ জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ০১ এপ্রিল ১৯৯৩ তারিখে বিসিএস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন এবং ০৬ এপ্রিল ২০১৫ তারিখে সরকারের উপসচিব পদে পদোন্নতি লাভ করেন। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন এবং সর্বশেষ শিল্প মন্ত্রণালয়ের উপসচিব হিসেবে কর্মরত ছিলেন।

৩। জনাব শরিফ মো: মাসুদ তাঁর দীর্ঘ চাকরি জীবনে অত্যন্ত কর্তব্যপরায়ণ, দক্ষ, নিষ্ঠাবান ও সদালাপী কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী ও তিন কন্যাসহ আত্মীয়-স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জনাব শরিফ মো: মাসুদ এর মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তাঁর আত্মার শান্তি কামনা করছে এবং মৃতের পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।

**মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী**
সিনিয়র সচিব।

---

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**অর্থ মন্ত্রণালয়**
**শুল্ক-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৩ শ্রাবণ ১৪৩১/০৭ আগস্ট ২০২৪

নং **০৮.০০.০০০০.০৩৮.৬৫.১০৫.১১-৮৫**—যেহেতু, জনাব সুরেশ চন্দ্র বিশ্বাস (পরিচিতি নম্বর-৩০০০৬৫), সদস্য টেকনিক্যাল, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিলাত ট্রাইব্যুনাল, ঢাকা ইতঃপূর্বে গত ০৪ মার্চ ২০১৮ হতে 8 মার্চ ২০২১ পর্যন্ত সময়কালে কাস্টম হাউজ, মোংলায় কমিশনার হিসেবে কর্মরত থকাকালীন উক্ত দপ্তরের সাংগঠনিক কাঠামোভুক্ত পেট্রোল হার্বার বোট 'এম.ভি. অপরাজিতা' ড্রাই ডকিং করে মেরামতের জন্য যথাযথ কর্তৃপক্ষের প্রশাসনিক অনুমোদন ও ব্যয় মঞ্জুরি ব্যতীত ১,০৩,৫০০০০/-(এক কোটি তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকার কার্যাদেশ প্রদান করে আর্থিক ক্ষমতা অর্পণ ও আর্থিক ক্ষমতা পুনঃঅর্পণ আদেশ এবং পিপিআর, ২০০৮ লঙ্ঘন করেন;

২। যেহেতু, উক্তরূপ কর্মকাণ্ডের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে অভিযুক্ত করে জনাব সুরেশ চন্দ্র বিশ্বাস এর বিরুদ্ধে বিভাগীয় মামলা-০১/২০২৪ রুজুপূর্বক যথাক্রমে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়;

৩। যেহেতু, তিনি যথাসময়ে অভিযোগনামার জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন;

৪। যেহেতু, ০৭ আগস্ট ২০২৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানিতে তিনি জানান এই জাহাজ মেরামত করার জন্যই অর্থ বরাদ্দ দেওয়া হয়েছে এবং খুলনা শিপইয়ার্ড একটি সরকারি প্রতিষ্ঠান. তাই সরাসরি কার্যাদেশ প্রদানে PPR অনুযায়ী কোনো বাধা নেই বলে তিনি মনে করেছিলেন। সে কারণে তিনি জাহাজটি মেরামতের কার্যাদেশ প্রদান করেন। তিনি আরও জানান জাহাজটি এতই নাজুক যে মেরামত না করা গেলে জাহাজটি সম্পূর্ণ ডুবে যেত এবং রাষ্ট্রের মূল্যবান সম্পদ নষ্ট হতো। তাছাড়া, মোংলা চ্যানেলে নৌ-চলাচলও ঝুঁকিপূর্ণ হতো;

৫। যেহেতু, জনাব সুরেশ চন্দ্র বিশ্বাস তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের বিপরীতে উপযুক্ত তথ্য/উপাত্ত/প্রমাণক দাখিল করেন এবং সংকটজনক পরিস্থিতির কথা বিবেচনা করে রাষ্ট্রের বৃহত্তর স্বার্থ রক্ষায় আর্থিক ক্ষমতা অর্পণ ও আর্থিক ক্ষমতা পুনঃঅর্পণ আদেশ কিছুটা ব্যত্যয়ের জন্য তিনি ক্ষমা প্রার্থনা করেন;

৬। যেহেতু, অভিযোগনামা, অভিযোনামার জবাব, শুনানিতে প্রদত্ত বক্তব্য এবং সার্বিক বিষয়াদি পর্যালোচনায় জনাব সুরেশ চন্দ্র বিশ্বাস এর বিরুদ্ধে আনীত অসদাচরণ এর অভিযোগ গুরুতর নয় মর্মে প্রতীয়মান হয়;

৭। সেহেতু, জনাব সুরেশ চন্দ্র বিশ্বাস (পরিচিতি নম্বর-৩০০০৬৫), সদস্য (টেকনিক্যাল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিলাত ট্রাইব্যুনাল, ঢাকা (প্রাক্তন কমিশনার, কাস্টম হাউস, মোংলা)-কে ভবিষ্যতে দায়িত্ব পালনে আরও সতর্ক হওয়া এবং সরকারি বিধি-বিধান অনুসরণের পরামর্শ প্রদান করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৭(২)(ক) অনুযায়ী তাঁকে অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব।

**সুরক্ষা সেবা বিভাগ**
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**মাদক-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩১ শ্রাবণ, ১৪৩১ বঙ্গাব্দ /১৫ আগস্ট, ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৫৮.০০.০০০০.০৬১.২৭.০০৩.১৮.২৩১**—দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ এর ২৭(১) ধারায় এবং দণ্ড বিধির ৪২০/১০৯ ধারা তৎসহ দুর্নীতি প্রতিরোধ আইন ১৯৪৭ এর৫(২) ধারায় জনাব মোঃ ফজলুর রহমান, অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী, পিতা-আবুল হোসেন সরকার, মাতা-মাজেদা বেওয়া, বর্তমান ঠিকানাঃ ফ্ল্যাট নং-৮/এ, ২৫৯, উত্তর শাহজাহানপুর, ঢাকা; স্থায়ী ঠিকানাঃ গ্রাম-পেংগুয়ারী, ডাকঘর-বিনসারা, থানা-তাড়াশ, জেলা-সিরাজগঞ্জ এর বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, ঢাকা-১ কর্তৃক দাখিলকৃত অভিযোগপত্র (চার্জশিট) নং-৪০, তারিখ-২৩-০৪-২০২৪ বিজ্ঞ আদালত কর্তৃক গত ০২-০৭-২০২৪ তারিখে গৃহীত হয়েছে। তৎপ্রেক্ষিতে জনাব মোঃ ফজলুর রহমান, অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী-কে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(২) নং ধারা অনুযায়ী চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি আর্থিক বিধি-বিধান মোতবেক খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জান্নাতুল ফেরদৌস**
উপসচিব।

**শৃঙ্খলা-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ০৪ ভাদ্র ১৪৩১/১৯ আগস্ট ২০২৪

নং **৫৮.০০.০০০০.০৭৬.২৭.০২৬.২৩-২৬১**—যেহেতু, জনাব মোঃ আক্তার হোসেন শেখ, জেলার, খাগড়াছড়ি জেলা কারাগার ১২-০৬-২০২২ তারিখ হইতে ১৩-০৯-২০২৩ তারিখ পর্যন্ত ঝালকাঠি জেলা কারাগারে কর্মরত ছিলেন; এবং

যেহেতু, আপনার কর্মকালীন আপনার বিরুদ্ধে হাজতি মামুনুর রশিদ (বন্দি নং ৯৫৮/২৩) এর স্ত্রী সুমাইয়া আক্তারের দাখিলকৃত অভিযোগপত্র, ফেসবুক ও ইউটিউবে ভাইরাল ভিডিও এবং বিভিন্ন পত্রিকায়-যেমন বাংলাদেশ প্রতিদিন, আমাদের বরিশাল, বরিশাল সমাচার, প্রথম আলো, সমকাল, কালের কণ্ঠ, দৈনিক যুগান্তর, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রকাশিত হওয়ায় কারাগারের তথা বাংলাদেশ জেল এর ভাবমূর্তি ক্ষুণ্ন হয়েছে;

যেহেতু, আপনি ৩০-০৭-২০২৩ তারিখ হাজতি বন্দি নং-৯৫৮/২৩ মোঃ মামুনুর রশিদ এর স্ত্রী সুমাইয়া আক্তারের ব্যক্তিগত মোবাইল হতে জেলারের সরকারি মোবাইল ০১৭৬৯৯৭০৮৫১ নম্বরে তার স্বামীর সাথে দেখা করার কথা জানালে আপনি তাকে মোবাইল ফোনে কথা বলার ব্যবস্থা করে দেন;

যেহেতু, আপনি কয়েদির স্ত্রীকে (সুমাইয়া আক্তার) জেলারের সরকারি মোবাইল থেকে কথা বলার ব্যবস্থা করে দেন; যেহেতু, আপনি কয়েদির স্ত্রী সুমাইয়া আক্তারের ব্যক্তিগত নম্বর চেয়ে নেন এবং একই দিনে আপনার ব্যক্তিগত নম্বর ০১৭১২৫৪৭৬৪৪ হতে কয়েদির স্ত্রীর ব্যক্তিগত নম্বরে (০১৭৭৮৯৫৩৫৪০) নিয়মিতভাবে কথা বলেন;

যেহেতু, আপনি কয়েদির স্ত্রীকে স্বামীর সাথে দেখা করিয়ে দেয়ার আশ্বাস দিয়ে তার হোয়াটসঅ্যাপ ০১৭৭৮৯৫৩৫৪০ নম্বরে ভিডিও কলের মাধ্যমে অশোভনীয় আলোচনা করেন। আপনার ও হাজতি বন্দির স্ত্রী সুমাইয়া আক্তারের অডিও, ভিডিও কথোপকথনের কণ্ঠ প্রাথমিক তদন্তে প্রমাণিত হয় যা অসদাচরণের শামিল;

যেহেতু, আপনি মোঃ মামুনুর রশিদ (হাজতি বন্দি নং ৯৫৮/২৩) এর স্ত্রী সুমাইয়া আক্তারের বসত ঘরে রাত্রি যাপনের অভিপ্রায় ব্যক্ত করেন। সুমাইয়া আক্তার আপনার এসকল অনৈতিক কুপ্রস্তাবে রাজি না হলে তার স্বামীর সাথে দেখা করতে দিবেন না এবং তার স্বামীকে জেলখানায় কষ্ট দিবেন বলে তাকে ভয়ভীতি দেখান। আপনি ৩১-০৭-২০২৩ তারিখ বেলা ১২ ঘটিকার দিকে একই নম্বরে সন্ধ্যার পর কয়েদির স্ত্রীকে হোয়াটস অ্যাপ এ ফোন করে তার স্বামীর সাথে দেখা করবেন কি না জানতে চাইলে তিনি দেখা করবেন মর্মে জানান; এবং

যেহেতু, ০১-০৮-২০২৩ তারিখ হাজতি বন্দি নং ৯৫৮/২৩ মামুনুর রশিদ এর স্ত্রী সুমাইয়া আক্তার তার ০২ সন্তানসহ স্বামীর সঙ্গে দেখা করতে বড় সন্তানকে সঙ্গে নিয়ে আসছে জানালে আপনি তাকে তার স্বামীর সাথে দেখা না করে চলে যেতে বলেন এবং পরবর্তীতে ঐ দিনই অর্থাৎ ০১-০৮-২০২৩ তারিখ অভিযোগকারী আপনার হোয়াটস অ্যাপে ফোন দিয়ে আপনি ডেকে নিয়ে কেন দেখা করাননি মর্মে জানতে চাইলে আপনি হাজতি বন্দি নং ৯৫৮/২৩ মামুনুর রশিদ এর স্ত্রী সুমাইয়া আক্তারকে বিভিন্ন অনৈতিক প্রস্তাব দেন যা কারাগারের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে আপনার এ ধরনের কথোপকথন অপ্রত্যাশিত, অনাকাঙ্খিত ও বিব্রতকর, যা কারা বিভাগ তথা সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ন হয়েছে;

যেহেতু, আপনার এহেন আচরণ এর জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক আপনাকে 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত করে বিভাগীয় মামলা নং ০১/২০২৪ রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয় এবং আপনি ০৭-০২-২০২৪ তারিখে উক্ত অভিযোগনামার জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির জন্য প্রার্থনা করেন; এবং

যেহেতু, আপনার কর্তৃক প্রদত্ত অভিযোগনামার জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ঘ) বিধিমতে অভিযোগসমূহ তদন্তের জন্য গত ২৯-০২-২০২৪ তারিখ জনাব মো: কামরুজজামান, উপসচিব, সুরক্ষা সেবা বিভাগ-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা গত ১৫-০৭-২০২৪ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্তের বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নং ০১/২০২৪ এ আনীত অভিযোগসমূহের মধ্যে উপরোক্ত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করেন; এবং

যেহেতু, গত ০১-০৮-২০২৪ তারিখে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয় এবং তিনি গত ০৮-০৮-২০২৪ তারিখে ২য় কারণ দর্শানোর জবাব প্রদান করেন।

যেহেতু, অভিযোগনামা, দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানি, তদন্ত প্রতিবেদন ইত্যাদি পর্যালোচনায় গুরুত্ব বিবেচনায় 'লঘুদণ্ড' আরোপ করার সিদ্ধান্ত যুক্তিযুক্ত মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, জনাব মোঃ আক্তার হোসেন শেখ, জেলার, খাগড়াছড়ি জেলা কারাগার এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(২)(খ) অনুযায়ী ০২ (দুই) বছরের জন্য ০২(দুই)টি বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) স্থগিত রাখার দণ্ড প্রদান করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ১০ ভাদ্র ১৪৩১/২৫ আগস্ট ২০২৪

নং **৫৮.০০.০০০০.০৭৬.২৭.০১৫.২৩-২৬২**—যেহেতু, জনাব মোঃ আমিরূল ইসলাম, সিনিয়র জেল সুপার (ভারপ্রাপ্ত), কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২ এ ১৯-০৪-২০২২ তারিখ হতে অদ্যবধি কর্মরত আছেন এবং তার বিরুদ্ধে অসদাচরণের অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী বিভাগীয় মামলা নং ০৮/২০২৩ রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়। অভিযুক্ত ০৫-০৯-২০২৩ তারিখে উক্ত অভিযোগনামার জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির জন্য প্রার্থনা করেন;

যেহেতু, জনাব মোঃ আমিরূল ইসলাম, সিনিয়র জেল সুপার (ভারপ্রাপ্ত), কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২ কর্তৃক প্রদত্ত অভিযোগনামার জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ঘ) বিধিমতে গত ১২-০৬-২০২৪ তারিখ জনাব তাহনিয়া রহমান চৌধুরী, উপসচিব, সুরক্ষা সেবা বিভাগ-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা গত ০৭-০৭-২০২৪ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ আমিরূল ইসলাম, সিনিয়র জেল সুপার (ভারপ্রাপ্ত), কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২ এর বিরুদ্ধে আনীত অসদাচরণ এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে উল্লেখ করেন;

সেহেতু, জনাব মোঃ আমিরূল ইসলাম, সিনিয়র জেল সুপার (ভারপ্রাপ্ত), কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২ এর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলা নং-০৮/২০২৩ এর দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মশিউর রহমান** এনডিসি
সিনিয়র সচিব।

**জননিরাপত্তা বিভাগ**
**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৮ ভাদ্র ১৪৩১/০২ সেপ্টেম্বর ২০২৪

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.১২৩.২৩-৪৪৯**—যেহেতু জনাব মোহাম্মদ আবদুল আউয়াল (বিপি-৭৯১০১২৬৮৩১), অতিরিক্ত পুলিশ সুপার, অর্গানাইজড ক্রাইম উইং, এন্ড এন্টি টেররিজম ইউনিট, ঢাকা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে গত ২৭ এবং ২৮ মার্চ ২০২৩ ইউএস অ্যাম্বেসী কর্তৃক এন্টি টেররিজম ইউনিট, ঢাকার অর্গানাইজড ক্রাইম উইং এর সাথে আয়োজিত "Strategic Planning and Occupational Analysis (SPOA)" শীর্ষক কর্মশালায় প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন। উক্ত প্রশিক্ষণ চলাকালীন সময়ে সিনিয়র হিসেবে তিনি অন্য সহ-প্রশিক্ষণার্থীদের মত প্রকাশের সুযোগ না দিয়ে বেশিরভাগ সময় নিজে মতামত ব্যক্ত করেন। বাংলাদেশের শিক্ষা ব্যবস্থার পরিবর্তন ও হলি আর্টিসান সহ অন্যান্য জঙ্গী হামলার ঘটনাকে বিচ্ছিন্ন ঘটনা হিসেবে তার মত প্রকাশ করেন। তিনি প্রশিক্ষণের সময় পাশ্চাত্য পুলিশিংএর ধরন সম্পর্কে বিরূপ মতামত ব্যক্ত করে বিব্রতকর পরিস্থিতি সৃষ্টি করেছেন। তাছাড়া তিনি নানাভাবে উগ্রবাদ ও ধর্মীয় বিষয়াদি নিয়ে কট্টর মতামত প্রকাশ করেন। উল্লিখিত অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়। একই সাথে গঠিত অভিযোগনামার বিপরীতে অভিযুক্ত অতিরিক্ত পুলিশ জনাব মোহাম্মদ আবদুল আউয়াল (বিপি-৭৯১০১২৬৮৩১)-কে কারণ দর্শাতে বলা হয়; এবং

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানোর জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন। তদপ্রেক্ষিতে অভিযুক্তের ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। অভিযুক্ত কর্মকর্তার কারণ দর্শানোর জবাব এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি পর্যালোচনা করে অভিযুক্তের বক্তব্য গ্রহণযোগ্য এবং অভিযোগের সত্যতা সন্দেহাতীত নয় মর্মে প্রতীয়মান হওয়ায় তাকে এ বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি দেয়া যায়;

৩। সেহেতু, জনাব মোহাম্মদ আবদুল আউয়াল (বিপি-৭৯১০১২৬৮৩১), অতিরিক্ত পুলিশ সুপার, অর্গানাইজড ক্রাইম উইং, এন্টি টেররিজম ইউনিট, ঢাকা-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, আত্মপক্ষ সমর্থনে তার লিখিত জবাব সমূহ, ব্যক্তিগত শুনানিতে উভয়পক্ষের বক্তব্য, অভিযোগ সম্পর্কিত প্রাসঙ্গিক দলিলপত্রাদি পুঙ্খানুপুঙ্খভাবে বিচার বিশ্লেষণ করে তাকে সরকারি দায়িত্ব পালনের সময় আচরণ সংযত করার বিষয়ে সতর্ক করে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.১৪০.২৩-৪৫০**—যেহেতু, জনাব মোঃ আরমান হোসেন, পিপিএম (বিপি-৬৫৮৯১১৯৮০৮), অতিরিক্ত পুলিশ সুপার, সিআইডি, কুড়িগ্রাম ইতঃপূর্বে সহকারী পুলিশ সুপার, সি-সার্কেল, রংপুর এর বিরুদ্ধে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে জমি ক্রয়, সহকর্মীদের সাথে দুর্ব্যবহার ও নারী আসক্তি তথা নৈতিক স্খলনের অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়। একই সাথে গঠিত অভিযোগনামার বিপরীতে অভিযুক্ত অতিরিক্ত পুলিশ সুপার জনাব মোঃ আরমান হোসেন, পিপিএম (বিপি-৬৫৮৯১১৯৮০৮)-কে কারণ দর্শাতে বলা হয়; এবং

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানোর জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন। তদপ্রেক্ষিতে অভিযুক্তের ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। অভিযুক্ত কর্মকর্তার কারণ দর্শানোর জবাব এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি পর্যালোচনা করে অভিযুক্তের বক্তব্য গ্রহণযোগ্য এবং অভিযোগের সত্যতা সন্দেহাতীত নয় মর্মে প্রতীয়মান হওয়ায় তাকে এ বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি দেয়া যায়;

৩। সেহেতু, জনাব মোঃ আরমান হোসেন, পিপিএম (বিপি-৬৫৮৯১১৯৮০৮), অতিরিক্ত পুলিশ সুপার, সিআইডি, কুড়িগ্রাম ইতঃপূর্বে সহকারী পুলিশ সুপার, সি-সার্কেল, রংপুর-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, আত্মপক্ষ সমর্থনে তার লিখিত জবাবসমূহ, ব্যক্তিগত শুনানিতে উভয়পক্ষের বক্তব্য, অভিযোগ সম্পর্কিত প্রাসঙ্গিক দলিলপত্রাদি পুঙ্খানুপুঙ্খভাবে বিচার বিশ্লেষণ করে তাকে সতর্ক করে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০২৫.২৪-৪৫১**—যেহেতু, জনাব মোঃ মহরম আলী (বিপি-৮৪১২১৪৭৭৭৩), অতিরিক্ত পুলিশ সুপার, ১ এপিবিএন, উত্তরা, ঢাকা ইতঃপূর্বে অতিরিক্ত পুলিশ সুপার, বরগুনা জেলায় কর্মরত থাকাকালে গত ১৫ আগস্ট, ২০২২ তারিখে জাতীয় শোক দিবসের অনুষ্ঠান চলাকালে শিল্পকলা একাডেমীতে ছাত্রলীগের দুটি গ্রুপের মধ্যে সংঘর্ষে পুলিশের গাড়ির গ্লাস ভেঙ্গে গেলে পুলিশ লাঠি চার্জ করে উভয়পক্ষকে ছত্রভঙ্গ করে। উল্লেখিত ঘটনাকে কেন্দ্র করে জনাব মহরম আলী (বিপি-৮৪১২১৪৭৭৭৩), অতিরিক্ত পুলিশ সুপার, মাননীয় এমপি জনাব ধীরেন্দ্র দেবনাথ শম্ভুর সাথে বাগ-বিতন্ডায় লিপ্ত হন এবং অসৌজন্যমূলক আচরণ করেন। সেখানে অবস্থানরত লোকজনের ব্যক্তিগত এবং মিডিয়ার ক্যামেরায় ধারণকৃত এ সংক্রান্ত ভিডিও দ্রুত সামাজিক মাধ্যমে ভাইরাল হয়। উক্ত কর্মকর্তা কর্তৃক মাননীয় সংসদ সদস্যের সাথে অসৌজন্যমূলক এবং অসহিষ্ণু আচরণ, ঘটনাস্থলে অধস্তনদের প্রতি অযৌক্তিক কমান্ড এবং অতিরিক্ত বল প্রয়োগ করায় জনসম্মুখে পুলিশের ভাবমূর্তি চরমভাবে ক্ষুণ্ন করার অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়। একইসাথে গঠিত অভিযোগনামার বিপরীতে অভিযুক্ত অতিরিক্ত পুলিশ সুপার জনাব মোঃ মহরম আলী (বিপি-৮৪১২১৪৭৭৭৩)-কে কারণ দর্শাতে বলা হয়; এবং

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানোর জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন। তদপ্রেক্ষিতে অভিযুক্তের ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। অভিযুক্ত কর্মকর্তার কারণ দর্শানোর জবাব এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি পর্যালোচনা করে অভিযুক্তের বক্তব্য গ্রহণযোগ্য এবং অভিযোগের সত্যতা সন্দেহাতীত নয় মর্মে প্রতীয়মান হওয়ায় তাকে এ বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি দেয়া যায়;

৩। সেহেতু, জনাব মোঃ মহরম আলী (বিপি-৮৪১২১৪৭৭৭৩), অতিরিক্ত পুলিশ সুপার, ১ এপিবিএন, উত্তরা, ঢাকা ইতঃপূর্বে অতিরিক্ত পুলিশ সুপার, বরগুনা জেলা-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, আত্মপক্ষ সমর্থনে তার লিখিত জবাবসমূহ, ব্যক্তিগত শুনানিতে উভয়পক্ষের বক্তব্য, অভিযোগ সম্পর্কিত প্রাসঙ্গিক দলিলপত্রাদি পুঙ্খানুপুঙ্খভাবে বিচার বিশ্লেষণ করে তাকে সতর্ক করে বিভাগীয় মামালার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোহাম্মদ আবদুল মোমেন**
সিনিয়র সচিব।

**সুরক্ষা সেবা বিভাগ**
**বহিরাগমন-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩১ শ্রাবণ, ১৪৩১/১৫ আগস্ট, ২০২৪

নং **৫৮.০০.০০০০.০৪৩.৩১.০২৮.১২.১৮৪**—যেহেতু, জনাব মোঃ মেহেদী হাসান, উপপরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, সাতক্ষীরা-কে জনস্বার্থে  সরকারি কর্ম হতে বিরত থাকা আবশ্যক ও সমীচীন;

২। সেহেতু, জনাব মোঃ মেহেদী হাসান, উপপরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, সাতক্ষীরা- কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সালের ৫৭নং আইন) ধারা ৩৯(১) এর বিধান মোতাবেক সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত হরা হলো।

৩। সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মশিউর রহমান,** এনডিসি
সিনিয়র সচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ ভাদ্র ১৪৩১/০৮ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.১৮-৯৮**—Bangladesh Bank Order, 1972-এর Article 10(4) অনুযায়ী জনাব মোঃ জাকির হোসেন চৌধুরী, নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক এবং ড. মোঃ কবির আহাম্মদ, নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক-কে তাঁদের বর্তমান পদ থেকে স্বেচ্ছায় অবসরগ্রহণ ও অবসর-উত্তর ছুটি (পিএলআর) স্থগিতের শর্তে বাংলাদেশ ব্যাংক-এর ডেপুটি গভর্নর পদে তাঁদের যোগদানের তারিখ থেকে ৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হ'ল।

২। এ নিয়োগের অন্যান্য শর্ত অনুমোদিত চুক্তিপত্র দ্বারা নির্ধারিত হবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আফছানা বিলকিস**
উপসচিব।

**[একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত]**
**বিমা অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৫ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ/০৯ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ৫৩.০০.০০০০.৪১১.১১.০০১.২৪-২৬৫**—বিমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এর ধারা-৫ এর উপধারা-২ অনুযায়ী প্রাক্তন সিনিয়র সচিব ড. এম আসলাম আলম (পরিচিতি নং-১১৭১)  কে অন্যান্য সকল প্রতিষ্ঠান ও সংগঠনের সাথে কর্ম-সম্পর্ক পরিত্যাগের শর্তে যোগদানের তারিখ হতে ৩ (তিন) বছর কিংবা তাঁর বয়স ৬৭ (সাতষট্টি) বছর পূর্তি যেটি আগে ঘটে সে সময়ের জন্য বিমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চেয়ারম্যান পদে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হলো।

২। তাঁর পারিশ্রমিক, ভাতা ও অন্যান্য শর্তাদি সরকারের সাথে সম্পাদিত চুক্তির মাধ্যমে স্থিরীকৃত হবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কামরুল হক মারুফ**
যুগ্মসচিব।

**স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পৌর-১শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৫ ভাদ্র ১৪৩১/০৯ সেপ্টেম্বর ২০২৪

**নং ৪৬.০০.০০০০.০৬৩.৪৭.০০১৪.১৬.১০৪৬**—সরকার চুক্তিভিত্তিক নিয়োগ নিরুৎসাহিত করার প্রেক্ষিতে বাংলাদেশ মিউনিসিপল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ)-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব আবুল মনসুর মোঃ ফয়েজ উল্লাহ-এর সাথে সংস্থার বর্তমান চুক্তির মেয়াদ সমাপনান্তে ০১ আগস্ট ২০২৪ তারিখ কার্যকারিতা সাপেক্ষে এতদ্বারা তাঁর নিয়োগের অবসায়ন হলো।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো. মাহবুব আলম**
উপসচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**পার-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০১ সেপ্টেম্বর ২০২৪

**নং ৪৫.০০.০০০০.১৪৮.১১.০০১.২২-৫৪৩**—বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের নিম্নোক্ত কর্মকর্তার নামের পার্শ্বে উল্লিখিত চাকরিকাল বিএসআর (পার্ট-১) এর ৪২ (২) এবং ৩০০(বি) নং বিধি অনুযায়ী মোট পেনশনযোগ্য চাকরিকাল গণনা ও বেতন নির্ধারণের লক্ষ্যে পূর্বতন চাকরির ধারাবাহিকতা সংরক্ষণের আদেশ প্রদান করা হলো:

| নং | নাম পদবি ও বর্তমান কর্মস্থল | বর্তমান বিসিএস এ যোগদানের তারিখ | বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারে যোগদানের পূর্বতন কর্মস্থল | বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারে চাকরিতে যোগদানের পূর্বে মোট চাকরিকাল |
|---|---|---|---|---|
| ১. | ডাঃ তানজীবুল ইসলাম (১৩৯৫৬৭), মেডিকেল অফিসার, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা প্রেষণে: ফেইজ-বি, শিশু সার্জারী বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা | ০৮-১২-২০১৯ ইং ৩৯ তম বিসিএস | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অধীন প্রভাষক (প্রা.স্বা. প.) আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, ধামরাই, ঢাকা | ১৯-০১-২০১৭ তারিখ হইতে ০৭-১২-২০১৯ তারিখ পর্যন্ত মোট চাকরিকাল ০২ বছর ১০ মাস ১৮ দিন |

২। বেতন নির্ধারণের জন্য পূর্ব পদের চাকরিকাল গণনার ক্ষেত্রে পূর্ব পদে ভোগকৃত অসাধারণ ছুটিকালীন সময় বাদ যাবে এবং বর্তমান পদে পূর্বপদের চাকরিকাল জ্যেষ্ঠতার জন্য গণনা করা যাবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবু রায়হান দোলন**
সিনিয়র সহকারী সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**সুরক্ষা সেবা বিভাগ**
**কারা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ:২৬ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ/১০ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ৫৮.০০.০০০০.০৮৫.০৪.০০১.২৪.৩০৩**—ড. কামাল উদ্দিন সিদ্দিকী, সাবেক মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়-এর দণ্ড মওকুফপূর্বক মুক্তির বিষয়ে আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামতের আলোকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৪৯ অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে মহামান্য রাষ্ট্রপতি "জিয়া অরফানেজ ট্রাস্ট" মামলায় [(রমনা থানার মামলা নং-০৮(৭)২০০৮ হতে উদ্ভুত বিশেষ জজ আদালত নং-৫, ঢাকা এর বিশেষ মামলা নং-১৭/২০১৭)] প্রদত্ত দণ্ডাদেশ মওকুফ করায় তাঁকে নির্দেশক্রমে মুক্তি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবু সাঈদ মোল্লা**
উপসচিব।

**ভূমি মন্ত্রণালয়**

**জরিপ-২ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৫ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ/০৯ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং ৩১.০০.০০০০.০৪৯.৩৩.০৭৫.২৪.৩৫১—The State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলোঃ

| ক্রমিক নং | মৌজার নাম | জে. এল নম্বর | খতিয়ান সংখ্যা | শিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ০১ | চর কলমী | ৩২ | ৩১৭৫ | ১৪ | কোম্পানীগঞ্জ | নোয়াখালী |

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৩.০৭২.২৪.৩৫২**—The State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলোঃ

| ক্রমিক | মৌজার নাম | জে. এল নং | খতিয়ান সংখ্যা | শিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | বড়বিলা | ৪৩ | ২১১২ | ৩ | তালা | সাতক্ষীরা | |
| ২ | কুমীরা | ৫৮ | ১৫২৬ | ৩ | তালা | সাতক্ষীরা | |
| ৩ | আটলিয়া | ৭২ | ৩৭৪ | ১ | তালা | সাতক্ষীরা | |
| ৪ | তেঘরিয়া | ৮১ | ১৫৭৩ | ২ | তালা | সাতক্ষীরা | |
| ৫ | কাজীডাঙ্গা | ৯৫ | ৩২২ | ১ | তালা | সাতক্ষীরা | |
| ৬ | ডাঙ্গা নলতা | ১০৭ | ৬৪৯ | ১ | তালা | সাতক্ষীরা | |
| ৭ | খারাইল | ১১৮ | ৭৪৮ | ১ | তালা | সাতক্ষীরা | |
| ৮ | ভায়ড়া | ১২৪ | ১০৯২ | ২ | তালা | সাতক্ষীরা | |
| ৯ | জিয়ালা | ১৪৩ | ৬০৮ | ২ | তালা | সাতক্ষীরা | |
| ১০ | কাটীয়া | ১০১ | ৪২০৫ | ২০ | সাতক্ষীরা সদর | সাতক্ষীরা | মহামান্য হাইকোর্ট বিভাগে ৯৮৫৩/২০২২ ও ১২৫৪৩/২০২২ নং রিট দায়ের থাকায় রিট সংশ্লিষ্ট ৪২৪, ১১২৮, ৫৭৬ নং খতিয়ান ব্যতিত। |
| ১১ | শ্যামনগর | ৯৪ | ১৭১৯ | ৪ | শ্যামনগর | সাতক্ষীরা | |
| ১২ | সিংগাতী | ০৪ | ৪৫৭ | ১ | মোল্লাহাট | বাগেরহাট | |
| ১৩ | আস্তাইল | ০৬ | ৫৬০ | ১ | মোল্লাহাট | বাগেরহাট | |
| ১৪ | ওড়াবুনিয়া | ১৭ | ৩০৬ | ১ | রামপাল | বাগেরহাট | |
| ১৫ | গাববুনিয়া | ৭৯ | ৩৫২ | ১ | রামপাল | বাগেরহাট | |
| ১৬ | কুমলাই | ৯১ | ১৪৪১ | ২ | রামপাল | বাগেরহাট | |
| ১৭ | আমাদী | ১২ | ১৭৯৬ | ৩ | কয়রা | খুলনা | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাবভীনা মনীর চিঠি**
উপসচিব।

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**প্রাণিসম্পদ-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২১ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ/ ০৫ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ৩৩.০০.০০০০.১১৭.২৫.০২৫.১০ (অংশ-২)-৩৩৫**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত বাংলাদেশ সিভিল সার্ভিস (পশুসম্পদ) ক্যাডারভুক্ত শিক্ষানবিশগণের বিভাগীয় পরীক্ষার সিলেবাস {(১ম পত্র: আইন, বিধি ও পদ্ধতি (পুস্তক ব্যতীত): ২য় পত্র: হিসাব পদ্ধতি (পুস্তকসহ) এবং ৩য় পত্র: প্রাণিসম্পদ সম্পর্কিত বিষয়াদি (পুস্তক ব্যতীত)} নিম্নবর্ণিত সংশোধিত সিলেবাস সরকারি গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো :

১. ক)

বিসিএস (পশুসম্পদ) ক্যাডারের কর্মকর্তাদের জন্য
(আইন, বিধি ও পদ্ধতি) প্রথম পত্র (পুস্তক ব্যতীত)
প্রশ্নমান-১০০ নম্বর
পাশ নম্বর-৬০ নম্বর
পরীক্ষার সময়: ৩ ঘন্টা

**পাঠ্য বিষয়সমূহ**

(নিম্নোক্ত সকল আইন ও বিধিসমূহের হালনাগাদ সংশোধনীসহ)

১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান।

২। সরকারি চাকরি আইন, ২০১৮।

৩। সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ (সর্বশেষ সংশোধনীসহ)।

৪। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), বিধিমালা, ২০১৮।

৫। সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯।

৬। বাংলাদেশ সিভিল সার্ভিসেস নিয়োগ বিধিমালা, ১৯৮১।

৭। রুলস অব বিজনেস, ১৯৯৬ [হালনাগাদ সংশোধনীসহ ও বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের কার্যবন্টন]

৮। সচিবালয় নির্দেশমালা, ২০১৪।

৯। গোপনীয় অনুবেদন অনুশাসনমালা, ২০২০।

১০। সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা , ২০১৯।

১১। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন ও বাস্তবায়ন।

১২। জাতীয় শুদ্ধাচার কৌশল, ২০১২।

১৩। সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং উদ্ভাবন উদ্যোগ ও সেবা সহজীকরণ।

১৪। তথ্য অধিকার আইন, ২০০৯; তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯; তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা, ২০১০ এবং তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা, ২০২০।

১৫। মোবাইল কোর্ট আইন, ২০০৯ এবং মোবাইল কোর্ট নির্দেশিকা, ২০০৯।

[বি:দ্র: আইন, বিধি, নীতি, আদেশ, পদ্ধতি সম্পর্কে সর্বশেষ সংশোধনী প্রযোজ্য হবে]

১.খ)

বিষয়: হিসাব পদ্ধতি-দ্বিতীয় পত্র (পুস্তকসহ)
প্রশ্নমান-১০০
পাশ নম্বর-৬০
পরীক্ষার সময়: ৩ ঘন্টা

(নিম্নোক্ত সকল আইন ও বিধিসমূহের হালনাগাদ সংশোধনীসহ)

১। General Financial Rules.

২। Treasury Rules and Subsidiary Rules made there under (Vol. I & II).

৩। Fundamental and Supplementary Rules.

৪। Bangladesh Service Rlules, Part I & II.

৫। Prescribed Leave Rules, 1959.

৬। General Provident Fund Rules, 1979.

৭। Government and Autonomous Bodies Employess Benevolent Fund and Group Insurance Ordinance, 1982 এবং Government and Autonomous Bodies Employees Benevolent Fund and Group Insurance Rules, 1982.

৮। Delegation of Financial Powers among Ministry/Division/Office or Institutional Heads (For both Revenue and Development Projects).

৯। Public Procurement Act, 2006 এবং Public Procurement Rules, 2008 (সর্বশেষ সংশোধনীসহ)

১০। Pension Simplification Order, 2020.

১১। Civil Accounts Code.

১২। Bangladesh Audit Manual.

[বি.দ্রঃ আইন, বিধি, নীতি, আদেশ, পদ্ধতি সম্পর্কে সর্বশেষ সংশোধনী প্রযোজ্য হবে]

১.গ)

বিসিএস (পশুসম্পদ) ক্যাডারভুক্ত কর্মকর্তাদের
তৃতীয় পত্র (পুস্তক ব্যতীত)
পূর্ণমান-১০০ নম্বর
পাশ নম্বর-৬০
পরীক্ষার সময়: ৩ ঘন্টা

**১.০ প্রাণিসম্পদ ও প্রাণিসম্পদ অধিদপ্তর**

১.১ প্রাণিসম্পদের গুরুত্ব;

১.২ অধিদপ্তরের বর্তমান সাংগঠনিক কাঠামো ও ক্রমবিকাশ;

১.৩ অধিদপ্তরের ভিশন, মিশন কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রম;

১.৪ অধিদপ্তরের সম্প্রসারণ কার্যক্রম ও বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহ;

১.৫ স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা বাস্তবায়ন এবং SDG অর্জনে অধিদপ্তরের বর্তমান কার্যক্রম;

১.৬ প্রাণিসম্পদ সেক্টরের চ্যালেঞ্জ ও করণীয়।

**২.০ বড় রোমন্থক প্রাণী (গরু ও মহিষ) উৎপাদন**

২.১ গরু ও মহিষের জাত উন্নয়ন ও প্রজনন ব্যবস্থাপনা;

২.২ কৃত্রিম প্রজনন প্রযুক্তি ব্যবহার এবং দেশী গরুর সংরক্ষণ;

২.৩ উন্নত জাতের ঘাস চাষ, সংরক্ষণ ও প্রক্রিয়াজাতকরণ এবং খাদ্য ব্যবস্থাপনা;

২.৪ বাসস্থান এবং নিরাপদ, টেকসই ও পরিবেশ-বান্ধব খামার ব্যবস্থাপনা।

**৩.০ ক্ষুদ্র রোমন্থক প্রাণী (ছাগল ও ভেড়া) উৎপাদন**

৩.১ ব্ল্যাক বেঙ্গল ছাগলের জাত উন্নয়ন ও সম্প্রসারণ এং কৃত্রিম প্রজনন প্রযুক্তি ব্যবহার ;

৩.২ দেশী ভেড়ার জাত উন্নয়ন ও সম্প্রসারণ এবং কৃত্রিম প্রজনন প্রযুক্তি ব্যবহার ;

৩.৩ উন্নত জাতের ঘাস/ফডার ট্রি চাষ, সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও খাদ্য ব্যবস্থপনা ;

৩.৪ বাসস্থান এবং নিরাপদ, টেকসই ও পরিবেশ-বান্ধব খামার ব্যবস্থাপনা।

**৪.০ পোল্ট্রি উৎপাদন**

৪.১ প্রচলিত পোল্ট্রির (হাঁস ও মুরগি) জাত উন্নয়ন ও সম্প্রসারণ ;

৪.২ ডিম ও মাংস উৎপাদনে হাঁস-মুরগির বাণিজ্যিক খামার সম্প্রসারণ ;

৪.৩ গ্র্যান্ড প্যারেন্ট স্টক, প্যারেন্ট স্টক, হ্যাচারি ও ফিডমিল ব্যবস্থাপনা ;

৪.৪ বাসস্থান, পুষ্টি ও খাদ্য ব্যবস্থাপনা এবং নিরাপদ, টেকসই ও পরিবেশ-বান্ধব খামার ব্যবস্থাপনা ;

৪.৫ অপ্রচলিত পোল্ট্রি পালন সম্প্রসারণ।

**৫.০ প্রাণিসম্পদ সম্প্রসারণ কার্যক্রম**

৫.১ বার্ষিক কর্মসম্পাদনে চুক্তিভুক্ত ও চুক্তি বহির্ভূত সম্প্রসারণ কার্যক্রম ;

৫.২ সম্প্রসারণ কার্যক্রম বাস্তবায়ন কৌশল ;

৫.৩ সম্প্রসারণ কার্যক্রম বাস্তবায়ন পদ্ধতি ও নির্দেশনা ;

৫.৪ সম্প্রসারণ পদ্ধতি ও পদ্ধতিসমূহের কার্যক্রমভিত্তিক প্রয়োগ।

**৬.০ প্রাণিরোগসমূহ ও রোগের চিকিৎসা বা প্রতিকার**

৬.১ বড় রোমন্থক প্রাণীর অর্থনৈতিক গুরুত্ববহ ভাইরাস, ব্যাকটেরিয়া, পরজীবী, মেটাবলিক, পুষ্টিজনিত ও সাধারণ রোগসমূহ এবং রোগের প্রতিকার ;

৬.২ ক্ষুদ্র রোমন্থক প্রাণীর অর্থনৈতিক গুরুত্ববহ ভাইরাস, ব্যাকটেরিয়া, পরজীবী, মেটাবলিক, পুষ্টিজনিত ও সাধারণ রোগসমূহ এবং রোগের প্রতিকার ;

৬.৩ পোল্ট্রির অর্থনৈতিক গুরুত্ববহ ভাইরাস, ব্যাকটেরিয়া, পরজীবী, মেটাবলিক, পুষ্টিজনিত ও সাধারণ রোগসমূহ এবং রোগের প্রতিকার ;

৬.৪ জু এনিমেল ব্যবস্থাপনা, পুষ্টি ও চিকিৎসা।

**৭.০ প্রাণিরোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ**

৭.১ পশু-পাখির রোগ প্রতিরোধ ব্যবস্থা ;

৭.২ অর্থনৈতিক গুরুত্ববহ প্রাণিরোগের সার্ভিলেন্স, ডিজিজ রিস্ক এনালাইসিস ও ব্যবস্থাপনা, রোগ সনাক্তকরণ ও আউটব্রেক ইনভিস্টিগেশন এবং রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ কৌশল ;

৭.৩ সংক্রামক, জুনোটিক ও ট্রান্সবাউন্ডারি প্রাণিরোগ ব্যবস্থাপনা এবং কোয়ারেন্টাইন কার্যক্রম ;

৭.৪ পশু-পাখির রোগ প্রতিরোধ ও দমনে ব্যবহৃত মৌলিক পদ্ধতিসমূহ, জীবনিরাপত্তা ব্যবস্থা ও জীবনিরাপত্তার মৌলিক নীতিসমূহ এবং খামারে এর প্রয়োগ ;

৭.৫ টিকা ও টিকার প্রকারভেদ, রোগ নিয়ন্ত্রণে টিকার প্রয়োগ, টিকা ব্যবহারের সাধারণ নিয়মাবলি, ভ্যাকসিনেশন কৌশল এবং কুল চেইন ম্যানেজমেন্ট ;

৭.৬ জীববৈচিত্র্য ও বণ্যপ্রাণী সংরক্ষণ।

**৮.০ প্রাণিসম্পদ সম্পর্কিত আইন, বিধি ও নীতিমালা**

৮.১ পশুর রোগ আইন, ২০০৫ এবং পশুরোগ বিধিমালা, ২০০৮।

৮.২ বাংলাদেশ পশু ও পশুজাত পণ্য সঙ্গানিরোধ আইন, ২০০৫।

৮.৩ মৎস খাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০ এবং পশুখাদ্য বিধিমালা, ২০১৩।

৮.৪ পশুজবাই ও মাংসের মান নিয়ন্ত্রণ আইন, ২০১১ এবং পশুজবাই ও মাংসের মান নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২১।

৮.৫ প্রাণি কল্যাণ আইন, ২০১৯ এবং বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল আইন, ২০১৯।

৮.৬ জাতীয় পোল্ট্রি উন্নয়ন নীতিমালা, ২০০৮ এবং National Livestock Development Policy, 2007.

৮.৭ Bangladesh Avian Influenza compensation Strategy and Guidelines.

৮.৮ মৎস্যখাদ্য ও পশুখাদ্য উৎপাদন এবং বিপণন ব্যবস্থাপনা নির্দেশিকা, ২০২০।

৮.৯ কোড অব ভেটেরিনারি ইথিক্স।

**৯.০ প্রাণিজাত পণ্য ও উপজাতসমূহ এবং মূল্য সংযোজিত পণ্য**

৯.১ মাংসের ভ্যালু চেইন, মূল্য সংযোজিত পণ্য এবং বাজার ব্যবস্থাপনা ;

৯.২ দুধের ভ্যালু চেইন, মূল্য সংযোজিত পণ্য এবং বাজার ব্যবস্থাপনা ;

৯.৩ ডিম সংরক্ষণ ও বাজারতাজকরণ ;

৯.৪ চামড়া উৎপাদন, সংরক্ষণ ও বাজারজাতকরণ ;

৯.৫ Manure Management, বায়োগ্যাস উৎপাদন ও কম্পোস্টিং ;

৯.৬ গবাদিপশু ও পোল্ট্রি উপজাতের প্রক্রিয়াজাতকরণ ও ব্যবহার।

[বি. দ্র : আইন, বিধি, নীতি, আদেশ, পদ্ধতি সম্পর্ক সর্বশেষ সংশোধনী প্রযোজ্য হবে]

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. এস এম যোবায়দুল কবির**
যুগ্মসচিব।

**কৃষি মন্ত্রণালয়**
**নীতি-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ ভাদ্র ১৪৩১/ ০৮ সেপ্টেম্বর ২০২৪

**নং ১২.০০.০০০০.০৭৮.৩২.০০৫.২৪-২০৩**—বাণিজ্য মন্ত্রণালয় হতে গঠিত 'এগ্রো ট্রেড ওয়ার্কিং গ্রুপ'-কে সহযোগিতার লক্ষ্যে কৃষি মন্ত্রণালয়ে একটি 'এগ্রো ট্রেড সাব ওয়ার্কিং গ্রুপ' নিম্নরূপভাবে নির্দেশক্রমে গঠন করা হলো :

**এগ্রো ট্রেড সাব-ওয়ার্কিং গ্রুপ**

**আহবায়ক**

১. যুগ্মসচিব (পিপিবি), কৃষি মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২. বাণিজ্য মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি
৩. নৌপরিবহণ মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি
৪. জাতীয় রাজস্ব বোর্ড এর একজন প্রতিনিধি
৫. বাংলাদেশ ব্যাংক এর একজন প্রতিনিধি
৬. মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি
৭. সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ এর একজন প্রতিনিধি
৮. রেলপথ মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি
৯. মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি
১০. উপসচিব (সম্প্রসারণ-১), কৃষি মন্ত্রণালয়
১১. উপসচিব/সিনিয়র সহকারী সচিব (উপকরণ-২), কৃষি মন্ত্রণালয়
১২. বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর একজন প্রতিনিধি
১৩. রপ্তানি উন্নয়ন ব্যুরো এর একজন প্রতিনিধি
১৪. বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এর একজন প্রতিনিধি
১৫. বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর একজন প্রতিনিধি
১৬. বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর একজন প্রতিনিধি
১৭. বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর একজন প্রতিনিধি
১৮. কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর একজন প্রতিনিধি
১৯. কৃষি বিপণন অধিদপ্তর এর একজন প্রতিনিধি
২০. বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এর একজন প্রতিনিধি
২১. বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এর একজন প্রতিনিধি
২২. বিএসটিআই এর একজন প্রতিনিধি
২৩. বীজ প্রত্যয়ন এজেন্সী এর একজন প্রতিনিধি
২৪. হর্টেক্স ফাউন্ডেশন এর একজন প্রতিনিধি
২৫. বাংলাদেশ ফ্রুটস, ভেজিটেবলস এ্যান্ড এলাইড প্রোডাক্টস এক্সপোর্টাস এসোসিয়েশন এর একজন প্রতিনিধি
২৬. বাংলাদেশ এগ্রো-প্রসেসরস এসোসিয়েশন (BAPA) এর একজন প্রতিনিধি

**সদস্য-সচিব**

২৭. উপসচিব (নীতি-৪), কৃষি মন্ত্রণালয়

কমিটির কার্যপরিধি :

১. এগ্রো ট্রেড ওয়ার্কিং গ্রুপের কার্যক্রম সম্পাদনে সহযোগিতা করা, বিশেষ করে কৃষি পণ্যের বাজার সম্প্রসারণে প্রতিবন্ধকতা সৃষ্টিকারী আইন/নীতি পর্যালোচনার মাধ্যমে সমস্যা চিহ্নিত এবং দূরীকরণ, প্রাতিষ্ঠানিক/বিধিগত সংস্কারের সুপারিশ করা এবং তা এগ্রো ট্রেড ওয়ার্কিং গ্রুপ-কে নিয়মিত অবহিত করা।

২. প্রতি ০৩ মাসে একবার এ কমিটি'র সভা অনুষ্ঠিত হবে। তবে প্রয়োজনে অধিক সভা আয়োজন করা যাবে।

৩. কমিটি প্রয়োজনে যে কোনো সংখ্যক সদস্য কো-অপ্ট করতে পারে।

**কামরুল হাসান**
উপসচিব।

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**
**শাখা-০৫**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩১/ ০৩ সেপ্টেম্বর ২০২৪

**নং ৩৯.০০.০০০০.০০৫.১১.০১৫.২১-২৬২**—বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ আইন, ২০১৩ (সংশোধিত ২০১৮)-এর ধারা ৫-এর উপধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের বোর্ডের সদস্য (প্রশাসন) ও সদস্য (অর্থ) পদ নিম্নোক্তভাবে বণ্টন করা হলো :

| ক্র : নং | কর্মকর্তার নাম | বণ্টনকৃত বর্তমান পদ |
|---|---|---|
| ১. | জনাব মোঃ দেলোয়ার হোসন, অতিরিক্ত সচিব (পরিচিতি নং-৫৭১৬) | সদস্য (প্রশাসন) |
| ২. | জনাব কাজী আনোয়ার হোসেন, অতিরিক্ত সচিব (পরিচিতি নং-৬৩৯৮) | সদস্য (অর্থ) |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রতন কুমার মন্ডল**
উপসচিব।

---

**[একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত]**
**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ**
**জনসংখ্যা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৯ ফাল্গুন ১৪৩০/০৩ মার্চ ২০২৪

নং **৫৯.০০.০০০০.১১৫.৯৯.০০৫.২২-৩৬**—স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ অত্যাবশ্যক ও প্রজনন স্বাস্থ্য উন্নয়ন এবং প্রযুক্তি গবেষণা ইনস্টিটিউট (বারপার্ট)-এর নির্বাহী পরিষদের ৪৩তম সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে গত ০২ মে ১৯৯১ সালে বাংলাদেশ গেজেটে প্রকাশিত রিজলিউশনের অনুচ্ছেদ ৫ (ক) অনুযায়ী গঠিত বারপার্ট-এর নির্বাহী পরিষদ নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো :

**বারপার্ট নির্বাহী পরিষদ**

| ক্রম নং | কর্মকর্তার নাম ও পদবি | পদ |
|---|---|---|
| ০১ | সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | চেয়ারম্যান |
| ০২ | প্রো-ভাইস চ্যান্সেলর (একাডেমিক), বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় | ভাইস-চেয়ারম্যান |
| ০৩ | মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর | সদস্য |
| ০৪ | মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ০৫ | মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |
| ০৬ | মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর | সদস্য |
| ০৭ | মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট) | সদস্য |
| ০৮ | অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | সদস্য |
| ০৯ | মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) | সদস্য |
| ১০ | চেয়ারম্যান, বাংলাদেশ চিকিৎসা গবেষণা পরিষদ (বিএমআরসি) | সদস্য |
| ১১ | অধ্যাপক ডাঃ নুরুল হুদা লেলিন, ভাইস-চেয়ারম্যান, বাংলাদেশ মেডিকেল রিসার্চ কাউন্সিল (বিএমআরসি) (৩ বছরের জন্য) | সদস্য |
| ১২ | যুগ্মসচিব, জনসংখ্যা অধিশাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | সদস্য |
| ১৩ | যুগ্মপ্রধান (জনসংখ্যা, পরিকল্পনা ও সমন্বয় উইং), আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন | সদস্য |
| ১৪ | বিভাগীয় প্রধান, স্ত্রীরোগ ও প্রসূতি বিদ্যা বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা | সদস্য |
| ১৫ | অধ্যাপক, কম্যুনিটি মেডিসিন বিভাগ, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা | সদস্য |
| ১৬ | উপসচিব, সামাজিক বিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় | সদস্য |
| ১৭ | উপপরিচালক (প্রশাসন), বারপার্ট | সদস্য |
| ১৮ | পরিচালক (বারপার্ট) | সদস্য-সচিব |

২। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, বি, এম, নুরুল আলম**
সহকারী সচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**সুরক্ষা সেবা বিভাগ**

**কারা-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৭ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ/২২ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ৫৮.০০.০০০০.০৮৫.০৪.০০৩.২৪-৩১৪**—জনাব শফিক রেহমান এবং জনাব মো: মিজানুর রহমান ভূঁইয়া @ এম আর ভূঁইয়া @ মিল্টন ভূঁইয়া এঁর সাজা স্থগিতের বিষয়ে দাখিলকৃত আবেদন এবং আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামতের আলোকে The Code of Criminal Procedure, (Act No. V of 1898)-এর ধারা ৪০১(১) এ প্রদত্ত ক্ষমতাবলে অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত নং-২, ঢাকা এর পল্টন মডেল থানার মামলা নং-০১(০৮)২০১৫, জিআর মামলা নং-২৯৪/১৫-এ তাঁদের বিরুদ্ধে প্রদত্ত দণ্ডাদেশ বিজ্ঞ আদালতে আত্মসমর্পণপূর্বক আপীল দায়েরের শর্তে ০১(এক) বছরের জন্য নির্দেশক্রমে স্থগিত করা হলো।

**নং ৫৮.০০.০০০০.০৮৫.০৪.০০২.২৪-৩১৫**—ডা: জুবাইদা রহমান, স্বামী: জনাব তারেক রহমান এঁর সাজা স্থগিতের বিষয়ে দাখিলকৃত আবেদন এবং আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামতের আলোকে The Code of Criminal Procedure, (Act No. V of 1898)-এর ধারা ৪০১(১) এ প্রদত্ত ক্ষমতাবলে মহানগর সিনিয়র স্পেশাল জজ আদালত, ঢাকা এর মেট্রো বিশেষ মামলা নং-৩৪১/২০২২ [কাফরুল থানার মামলা নং-২২, তারিখ ২৬-০৯-২০০৭]-এ তাঁর বিরুদ্ধে প্রদত্ত দণ্ডাদেশ বিজ্ঞ আদালতে আত্মসমর্পণপূর্বক আপীল দায়েরের শর্তে ০১(এক) বছরের জন্য নির্দেশক্রমে স্থগিত করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবু সাঈদ মোল্লা**
উপসচিব।